

সমস্যা জর্জরিত ছাতকের শাখাইতি বিদ্যালয়

■ আব্দুল আলিম, ছাতক (সুনামগঞ্জ) সংবাদদাতা
সমস্যায় জর্জরিত ছাতকের চরমহত্যা ইউনিয়নের শাখাইতি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পাঠদান ব্যাহত হচ্ছে। ছাতক-জাউয়াবাজার সড়কের চরমহত্যা ইউনিয়নের চরচৌড়াই-আশাকাচর পয়েন্টে শাখাইতি সরকারি প্রাথমিক বিদ্যালয়টির অবস্থান। ১৯৪১ সালে তৎকালীন সময়ে স্থানীয়দের মাঝে প্রাথমিক শিক্ষা প্রসারে বিদ্যালয়ের জন্য আশাকাচর গ্রামের শিক্ষাবিদ আঃব আলী প্রায় এক একর ভূমি দান করলে বাঁশ ও টিনসেডের ঘর নির্মাণ করে সে সময় থেকেই বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম শুরু করা হয়। প্রতিষ্ঠার প্রায় ৫১ বছর পর ১৯৯২ সালে বিদ্যালয়টি পুনর্নির্মাণ করে টিনসেডের আধা পাকা বিভিন্ন নির্মাণ করা হয় সরকারিভাবে। তিনটি শ্রেণিকক্ষ ও একটি অফিস কক্ষে দীর্ঘদিন যাবৎ চলেছে বিদ্যালয়ের সকল কার্যক্রম। প্রাকৃতিক দুর্যোগ ও শিলাবৃষ্টির ফলে ভবনের চালার পুরাতন টিন বর্তমানে ব্যবহারের

অযোগ্য হয়ে পড়েছে। বিভিন্ন স্থানে ফুটো হয়ে গেছে চালার টিন। অল্প বৃষ্টিতেই বিদ্যালয়ের প্রতিটি কক্ষের মেঝেতে বৃষ্টির পানি জমে যায়। এদিকে বাঁশ-বেতের তৈরি পুরাতন ছাদে বৃষ্টির পানি পড়ে স্থানে-স্থানে পড়ে গিয়ে ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছে ছাদটি যেকোনো সময় ধসে দুর্ঘটনার আশঙ্কা রয়েছে। ২০০৮-৯ অর্থবছরে পিইডিপি-২'র আওতায় বিদ্যালয়ে একটি ভবন নির্মাণের কাজ শুরু হয়। কিন্তু ভবনটির কাজ এ পর্যন্ত সমাপ্ত না হওয়ায় ক্লাস নেয়া সম্ভব হচ্ছে না। একদিকে টিনসেডের পুরাতন এ ভবনটি সমস্যায় জর্জরিত, অন্যদিকে শিক্ষার্থীদের পাঠদানে রয়েছে শিক্ষক স্বল্পতাসহ বিভিন্ন সমস্যা। এ নিয়েই কোনোমতে চলছে বিদ্যালয়ের কার্যক্রম। বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি ও স্থানীয় ইউপি চেয়ারম্যান মুক্তিযোদ্ধা কদর মিয়া জানান, বিদ্যালয় সমস্যাসমূহের সমাধানের জন্য